বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-mail:dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৬)/২০১৬-২০১৭/৮৯৫(১২৫০)

তারিখ ঃ ২৫-০১-২০১৭

১। সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
২। সকল মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়
৩। অধ্যক্ষ, স্টাফ কলেজ, ঢাকা
৪। সচিব ও সকল উপ মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ প্রধান কার্যালয়সহ নিয়ন্ত্রনকারী কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে আমানত সংগ্রহ কার্যক্রমে সম্পৃক্তকরণ প্রসংগে।

সুপ্রিয় সহকর্মীবৃন্দ,

উপর্যুক্ত বিষয়ে বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রধান কার্যালয় এর পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৫৬)/২০১৬-২০১৭/৬২০(১২৫০) তারিখ ঃ ০১-১২-২০১৬ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। উক্ত পত্রে চলতি অর্থ বছর ২০১৬-২০১৭ এর আমানত সংগ্রহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ২২০০.০০ কোটি টাকার অতিরিক্ত আমানত সংগ্রহের লক্ষ্যে প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের নিয়ন্ত্রণকারী কার্যালয়ে কর্মরত সকলকে আবশ্যিকভাবে আমানত সংগ্রহের কাজে সক্রিয় অংশ গ্রহনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনায় নির্বাহীদের পদমর্যাদা এবং বিভাগ/কার্যালয়ের জনশক্তি অনুযায়ী আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়।

০৩। লক্ষ্য করা যাচ্ছে যে, আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অনেকেই Deposit Mix (চলতি আমানত ২০%, এসএনডি ও সঞ্চয়ী আমানত ৫০%, মেয়াদী আমানত ২০% ও অন্যান্য আমানত ১০%) এর নীতিমালা অনুসরণ না করেই শুধুমাত্র মেয়াদী আমানত সংগ্রহ/নবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা করছেন। আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে বরাবরই ব্যবস্থাপনা কর্তৃপক্ষ Deposit Mix এর নীতিমালা অনুসরনের জন্য নির্দেশনা দিয়ে আসছে। কেননা আমানতের সুদ ব্যয় কমানোর লক্ষ্যে মেয়াদী আমানতের পরিবর্তে সুদবিহীন/স্বল্প সুদবাহী আমানত সংগ্রহ করা অপরিহার্য। উল্লেখ্য, শুধুমাত্র মেয়াদী আমানত দ্বারা আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন পারফরমেন্স হিসেবে বিবেচিত হতে পারেনা।

০৪। এমতাবস্থায়, চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরে উপরোক্ত নির্দেশনা অনুযায়ী আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট হবেন । আল্লাহ আমাদের সহায় হোন।

শুভেচ্ছান্তে

মুহম্মদ আউয়াল খান
ব্যবস্থাপনা পরিচালক
২৫/০১/১৭

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৬)/২০১৬-২০১৭/৮৯৫(১২৫০)

তারিখ ঃ ২৫-০১-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত সার্কুলারটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের মাধ্যমে)।
০৬। নথি/মহানথি।

২৫/১/১৭
(এ,আর,মামুন)
উপ- মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

E:\ZAMIL\Operation\Deposit Target(HO).doc